# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর- বিঅ-৬/৬০৩১/৩২২ তারিখ : ২৮-০২-২০২৩ খ্রি.

বিষয় : অভিযোগ তদন্ত প্রসঙ্গে

সূত্র : বিগত ১৯-০২-২০২৩ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয় এর ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য নির্বাচনে ০৫ জন (পাঁচ) প্রতিদ্বন্দী প্রার্থী চলমান এডহক কমিটির এখতিয়ার-বহির্ভূত বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে অভিযোগ দাখিল করেছেন। এমতাবস্থায়, উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া লিপি সংযুক্ত :

স্বাঃ

(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

জেলা শিক্ষা অফিসার
যশোর

স্মারক নং- বিঅ-৬/৬০৩১/৩২২(১-৭) তারিখ : ২৮-০২-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, যশোর।
২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি
রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়, যশোর সদর, যশোর
৬। প্রধান শিক্ষাক
রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়, যশোর সদর, যশোর
(৫–৬) তদন্ত কাজের সহযোগিতা কারার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি।

২৮/০২/২৩

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২৮/২/২৩

zulfikar-Investigation-1

তারিখ: ১৯-০২-২০২৩ খ্রী:

সমীপে,
মাননীয় চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয়ঃ **যশোর জেলার সদর উপজেলার রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটির একতিয়ার বহির্ভূত বেআইনি ও অন্যায় কার্যকলাপ সংক্রান্ত অভিযোগ এবং প্রতিকার প্রার্থনা।**

মহোদয়,
যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক আমরা নিম্নোক্ত বিষয়গুলো আপনাকে অবগত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।
১। আমরা উক্ত বিদ্যালয়ের স্থগিতকৃত ম্যানেজিং কমিটি নির্বাচনে অভিভাবক প্রতিনিধিপদে প্রার্থী ছিলাম ও আছি। ম্যানেজিং কমিটির নির্বাচনের জন্য পূর্বের এডহক কমিটি সকল কাজ সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে ইং ২২/০৬/২০২২ তারিখ নির্বাচন সম্পন্ন করার ব্যবস্থা করে। কিন্তু নির্বাচনে নিশ্চিত পরাজয় বুঝতে পেরে একটি পক্ষ বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালতে নির্বাচনের উপর নিষেধাজ্ঞা চেয়ে দেং ২২৪/২২ নং মামলা দায়ের করে। কিন্তু বিজ্ঞ আদালত উক্ত আবেদন খারিজ করে দেন। সুতরাং নির্বাচনের উপর কোন নিষেধাজ্ঞা থাকে না। মাননীয় জেলা জজ আদালতে উক্ত রায়ের বিরুদ্ধে তারা মিস আপিল মামলা নং ২৮/২২ দায়ের করেন কিন্তু সেখানেও সিনিয়র সহকারী জজের রায় বহাল থাকে। ফলে নির্বাচনের উপর আর কোন বাঁধা থাকেনা।
২। বিজ্ঞ জেলা জজ আদালতের উক্ত রায় থাকা সত্ত্বেও শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র স্থগিতকৃত নির্বাচন সম্পন্ন করার জন্য এডহক কমিটি গঠন করা হয়। কিন্তু এডহক কমিটি শিক্ষাবোর্ডের দেওয়া উক্ত নির্দেশ সম্পূর্ণ অবমাননা করে নিম্নোক্ত অবৈধ এবং অন্যায় কার্যক্রম করছেন-
ক) বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু মৃণাল কান্তী সরকার (সাময়িক বরখাস্তকৃত)-এর বিরুদ্ধে পুলিশ ব্যুরো অফ ইনভেস্টিগেশন (পিবিআই) কতৃক দাখিলকৃত সিআর ৫৮৩/২০-এ ১১৯০ নং এবং সিআর ১০৪/২০-এ ৯৩ নং দুইটি দুর্নীতি মামলার বিচার যশোর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে চলমান রয়েছে। তম্মধ্যে সিআর ১০৪/২০-এ ৯৩ নং মামলায় তিনি হাজত খেটেছেন এবং বর্তমানে জামিনে আছেন। জামিনে থাকা কোন ব্যক্তি চাকুরীতে বহাল হতে পারেন না।
খ) উক্ত বরখাস্তকৃত প্রধান শিক্ষক (বাবু মৃণাল কান্তি সরকারকে চাকুরী থেকে চূড়ান্ত বরখাস্ত করার জন্য বিদ্যালয়ের তদানিন্তন ম্যানেজিং কমিটির প্রস্তাব শিক্ষাবোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির দুইটি সভায় বিস্তারিত পর্যালোচনা করে উক্ত কমিটির সকল সদস্য একমত হয়ে বাবু মৃণাল কান্তী সরকারকে চাকুরী থেকে বরখাস্ত করার সিদ্ধান্তে উপনিত হয়েছিলেন এবং শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ উহা অনুমোদন করেছিলেন। অনুমোদনের পূর্বে শিক্ষাবোর্ড কতৃক গঠিত উচ্চ পর্যায়ের তদন্তে প্রমানিত হয়েছিল যে, বাবু মৃণাল কান্তী সরকার অর্থ আত্মসাৎ করেছেন। সরকারি কর্মকর্তাসহ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ও নিয়োগ কমিটির সদস্যদের স্বাক্ষর জাল করে দুইজন শিক্ষককে অবৈধভাবে নিয়োগ দানের প্রক্রিয়া সম্পন্ন করেছিলেন সেকথা তিনি আঞ্চলিক উপ পরিচালকের কাছে লিখিত স্বীকারোক্তি করেছিলেন। তাছাড়া তিনি দুর্নীতি দমন কমিশনের দুইটি ভূয়া পত্র ব্যবহার করে মহামান্য হাইকোর্ট থেকে সুবিধা নিয়েছিলেন।
গ) বর্তমান এডহক কমিটি একটি অবৈধ তদন্ত কমিটি গঠন করে তাদের দেওয়া রিপোর্টের ভিত্তিতে বাবু মৃণাল কান্তি সরকারকে স্বপদে পুনর্বহাল করেছেন। উল্লেখ্য উক্ত তদন্ত কমিটির একজন ব্যতীত অন্য কোন সদস্য তার সমপদমর্যাদার নয়। সুতরাং ঐ কমিটির উক্ত ঘনটা তদন্ত করার কোন একতিয়ার নেই।

এমতাবস্থায় বিষয়গুলি বিশদভাবে পর্যালোচনা করে বাবু মৃণাল কান্তী সরকারের স্বপদে পুনর্বহালের আদেশটি এবং বর্তমান এডহক কমিটি বাতিল করে স্থগিতকৃত নির্বাচন অনুষ্ঠানের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নির্দেশ দেওয়ার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

বিনীত নিবেদক,
রুদ্রপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি
নির্বাচনের অভিভাবক প্রতিনিধিপদে প্রতিদ্বন্দিপ্রার্থী

১।
২।
৩।
৪।
৫।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, যশোর
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর
৩। জেলা শিক্ষা অফিসার, যশোর
৪। ম্যানেজার, রূপালী ব্যাংক, এম,কে, রোড শাখা, যশোর
৫। ম্যানেজার, অগ্রনী ব্যাংক, পুলেরহাট শাখা, যশোর
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর

সংযুক্তি: প্রয়োজনীয় প্রমাণ পত্রের ফটোকপি।